গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

## বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## অর্থবছর: ২০২৬-২৭

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সেকশন-১: রূপকল্প, অভিলক্ষ্য, এবং তিন (৩) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনা | ৩-৪ |
| সেকশন-২: তিন (৩) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনার ভিত্তিতে বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা | ৫-৬ |
| সেকশন-৩: মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত বিষয়সমূহ সংক্রান্ত স্ট্রাটেজিক নোট/প্রতিবেদন | ৭ |
| সংযোজনী-১: শব্দসংক্ষেপ | ৭ |
| সংযোজনী-২: বিস্তারিত আবর্তক পরিকল্পনা | ৮-১০ |
| সংযোজনী-৩: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১-১২ |
| সংযোজনী-৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ | ১৩ |

## ভিশন, মিশন ও ০৩ বছরে মেয়াদী পরিকল্পনা

**১.১ ভিশন**

আধুনিক উফশী ধানের জাত ও উন্নততর, নিরাপদ ও লাভজনক উৎপাদন প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দেশে টেকসই খাদ্যনিরাপত্তা অর্জন।

**১.২ মিশন**

ধান গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে টেকসই খাদ্য নিরাপত্তা অর্জনে সহায়তা, ক্রমহ্রাসমান সম্পদ সাপেক্ষ জলবায়ুবান্ধব ধানের প্রযুক্তি উদ্ভাবন এবং গবেষণায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়ন করা।

**১.৩ তিন (৩) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনা:**

(বিস্তারিত আবর্তক পরিকল্পনা সংযোজনী-২)

**সেকশন ১**

**দপ্তর / সংস্থার তিন (৩) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনার ছক (3-year plan table of the organizations)**

| ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৬-২৭) | ২য় বছর (২০২৭-২৮) | ৩য় বছর (২০২৮-২৯) |
| ১. | অনুকূল ও প্রতিকূল পরিবেশ (লবণাক্ততা, খরা, তাপ এবং জলমগ্নতা সহিষ্ণু) উপযোগী ধানের উচ্চফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | ▪ জাত উদ্ভাবন – ০২টি<br>▪ জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন– ০২টি | ▪ জাত উদ্ভাবন – ০২টি<br>▪ জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন– ০২টি | ▪ জাত উদ্ভাবন – ০২টি<br>▪ জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন– ০২টি |
| ২. | উদ্ভাবিত ধানের জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | ▪ কৃষক প্রশিক্ষণ– ৫৫০০ জন<br>▪ উদ্ভাবিত ধান ফসলের মাঠ প্রদর্শনী– ৬০০০টি<br>▪ সম্প্রসারণ কর্মকর্তা / কর্মী প্রশিক্ষণ– ২০০ জন<br>▪ ডিএই-এর নিকট জাত ও প্রযুক্তি হস্তান্তর– ০২টি | ▪ কৃষক প্রশিক্ষণ– ৬০০০ জন<br>▪ উদ্ভাবিত ধান ফসলের মাঠ প্রদর্শনী– ৬২০০টি<br>▪ সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী প্রশিক্ষণ– ২৫০ জন<br>▪ ডিএই-এর নিকট জাত ও প্রযুক্তি হস্তান্তর– ০২টি | ▪ কৃষক প্রশিক্ষণ– ৬৫০০ জন<br>▪ উদ্ভাবিত ধান ফসলের মাঠ প্রদর্শনী– ৬২০০টি<br>▪ সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী প্রশিক্ষণ– ৩০০ জন<br>▪ ডিএই-এর নিকট জাত ও প্রযুক্তি হস্তান্তর– ০২টি |
| ৩. | (https://knowledgebank-brri.org/) প্ল্যাটফর্মের মাধ্যমে ই-কৃষি সংক্রান্ত তথ্য সেবা | ৫.৫০ লক্ষ ভিজিট (হিট কাউন্টার) | ৫.৭০ লক্ষ ভিজিট (হিট কাউন্টার) | ৫.৯০ লক্ষ ভিজিট (হিট কাউন্টার) |
| ৪. | ধানের উপযুক্ত জাত ও শস্য বিন্যাস সংক্রান্ত তথ্য ও পরামর্শ সেবা ডিজিটালাইজডকরণ | 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশন প্রস্তুতকরণ | প্রস্তুতকৃত 'Rice Profile' মোবাইল অ্যাপ্লিকেশন ০২টি (Android & iOS) প্ল্যাটফর্মে যুক্তকরণ | পূর্ণাঙ্গ সিস্টেম (মোবাইল রেসপনসিভ ওয়েব অ্যাপ ও মোবাইল অ্যাপ) বাস্তবায়ন |
| ৫. | ধানের জার্মপ্লাজম নিবন্ধন | ১৫টি | ২০টি | ২৫টি |
| ৬. | ধান আবাদে আবহাওয়ার প্রভাব এবং আবহাওয়ার উপাত্ত সম্পর্কিত তথ্য ব্যবস্থাপনা | ▪ কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ – ১৮টি জেলা<br>▪ কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ প্রদান – ১০,০০০ SMS | ▪ কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ – ২২টি জেলা<br>▪ কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ প্রদান – ১৫,০০০ SMS | ▪ কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ – ২৮টি জেলা<br>▪ কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ প্রদান – ২০,০০০ SMS |

| ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৬-২৭) | ২য় বছর (২০২৭-২৮) | ৩য় বছর (২০২৮-২৯) |
| ৭. | নিরাপদ ফসল ব্যবস্থাপনা | ▪ আইপিএম ও আইসিএম/আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ – ৫০০ জন<br>▪ ফাইটোসেনিটারি আবেদন নিষ্পত্তিকরণ–১০০% | ▪ আইপিএম ও আইসিএম/আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ – ৬০০ জন<br>▪ ফাইটোসেনিটারি আবেদন নিষ্পত্তিকরণ-১০০% | ▪ আইপিএম ও আইসিএম/আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ – ৭০০ জন<br>▪ ফাইটোসেনিটারি আবেদন নিষ্পত্তিকরণ–১০০% |
| ৮. | পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ | মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ – ১০০ একর | মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ – ১২০ একর | মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ – ১৫০ একর |
| ৯. | উত্তম কৃষি চর্চা | Rice Analytical Lab কর্তৃক Multiresidual পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ – ৫০টি | Rice Analytical Lab কর্তৃক Multi-residue পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ – ১০০টি | Rice Analytical Lab কর্তৃক Multi-residue পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ – ১৫০টি |
| ১০. | গবেষণা ক্ষেত্রে দেশীয় / আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণ | MoU / LoA স্বাক্ষর- ০১টি | MoU / LoA স্বাক্ষর- ০১টি | MoU / LoA স্বাক্ষর- ০১টি |
| ১১. | গবেষণা ও অবকাঠামো কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন- ০৩টি | সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন- ০৪টি | সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন- ০৫টি |
| ১২. | মানবসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা | ▪ শূণ্যপদে নিয়োগ কার্যক্রম- নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিখিত পরীক্ষা<br>▪ পদোন্নতিযোগ্য মোট পদের- ১০% | ▪ শূণ্যপদে নিয়োগ কার্যক্রম- ব্যবহারিক/মৌখিক পরীক্ষা সম্পন্ন<br>▪ পদোন্নতিযোগ্য মোট পদের- ১৫% | ▪ শূণ্যপদে নিয়োগ কার্যক্রম- চূড়ান্ত নিয়োগ আদেশ জারী ও যোগদান<br>▪ পদোন্নতিযোগ্য মোট পদের- ২০% |
| ১৩. | প্রবিধানমালা ও জনবল কাঠামো ব্যবস্থাপনা | প্রবিধান / জনবল কাঠামো সংস্কার প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ- ১টি | প্রবিধান / জনবল কাঠামো সংস্কার প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ- ১টি | প্রবিধান / জনবল কাঠামো সংস্কার প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ- ১টি |
| ১৪. | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম | অডিট আপত্তি নিষ্পত্তকরণ- ০৫% | অডিট আপত্তি নিষ্পত্তকরণ- ০৭% | অডিট আপত্তি নিষ্পত্তকরণ- ১০% |
| ১৫. | ব্রি'র প্রকাশনা সংক্রান্ত তথ্য মাঠপর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে প্রচারণা | ০৮টি | ১০টি | ১২টি |
| ১৬. | কর্মকর্তা-কর্মচারীদের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধি কার্যক্রম | ▪ ৪র্থ শিল্প বিপ্লব / স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা–৪০ জন<br>▪ ডি-নথি ব্যবস্থাপনা প্রশিক্ষণ– ৪০ জন<br>▪ সেমিনার/কর্মশালা – ১৮টি | ▪ ৪র্থ শিল্প বিপ্লব / স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা–৫০ জন<br>▪ ডি-নথি ব্যবস্থাপনা প্রশিক্ষণ– ৫০ জন<br>সেমিনার/কর্মশালা – ২০টি | ▪ ৪র্থ শিল্প বিপ্লব / স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা–৬০ জন<br>▪ ডি-নথি ব্যবস্থাপনা প্রশিক্ষণ– ৬০ জন<br>সেমিনার/কর্মশালা – ২২টি |
| ১৭. | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের ব্রিডার বীজ উৎপাদন, সংরক্ষণ এবং বিতরণ | ▪ ব্রিডার বীজ উৎপাদন – ১০০ টন<br>▪ ব্রিডার বীজ বিতরণ – ১০০ টন | ▪ ব্রিডার বীজ উৎপাদন – ১১০ টন<br>▪ ব্রিডার বীজ বিতরণ – ১১০ টন | ▪ ব্রিডার বীজ উৎপাদন – ১২০ টন<br>▪ ব্রিডার বীজ বিতরণ – ১২০ টন |
| ১৮. | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের মানঘোষিত বীজ উৎপাদন, সংরক্ষণ এবং বিতরণ | ▪ মানঘোষিত বীজ উৎপাদন– ১৫০ টন<br>▪ মানঘোষিত বীজ বিতরণ– ১৫০ টন | ▪ মানঘোষিত বীজ উৎপাদন– ১৭০ টন<br>▪ মানঘোষিত বীজ বিতরণ– ১৭০ টন | ▪ মানঘোষিত বীজ উৎপাদন– ১৯০ টন<br>▪ মানঘোষিত বীজ বিতরণ– ১৯০ টন |



মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।

ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

## সেকশন-২

### [বিবেচ্য অর্থবছরের (২০২৬-২৭) কর্মসম্পাদন পরিকল্পনা] (Performance plan for the fiscal year in question)

| কর্মসম্পাদন ক্ষেত্র | দপ্তর / সংস্থার পরিকল্পনার ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) | দায়িত্বপ্রাপ্ত বিভাগ / শাখা / আ.কা. / প্রকল্প |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১) সেবা প্রদান<br>(Service Delivery)<br>[মান - ২৪] | ১ | [১] উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন | সংখ্যা | ৪ | ০৬ | ০২ | উদ্ভিদ প্রজনন, হাইব্রিড ও জীব প্রযুক্তি বিভাগ |
| | ১ | [২] ধানের জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন | সংখ্যা | ৩ | ০৬ | ০২ | সকল গবেষণা বিভাগ, আঞ্চলিক কার্যালয় ও সংশ্লিষ্ট প্রকল্প |
| | ২ | [৩] কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন | সংখ্যা (জন) | ৩ | ৫৩৭০ | ৫৫০০ | ফলিত গবেষণা বিভাগ, সকল আঞ্চলিক কার্যালয় ও সংশ্লিষ্ট প্রকল্প |
| | ২ | [৪] উদ্ভাবিত ধানের জাত ও প্রযুক্তি জনপ্রিয়করণের লক্ষ্যে মাঠ প্রদর্শনীর আয়োজন | সংখ্যা | ৩ | ৫৬৪৩ | ৬০০০ | ফলিত গবেষণা বিভাগ, সকল আঞ্চলিক কার্যালয় ও সংশ্লিষ্ট প্রকল্প |
| | ২ | [৫] সম্প্রসারণ কর্মকর্তা / কর্মী প্রশিক্ষণ প্রদান | সংখ্যা (জন) | ৩ | ২৬০ | ২০০ | ফলিত গবেষণা ও প্রশিক্ষণ বিভাগ এবং সকল আঞ্চলিক কার্যালয় ও সংশ্লিষ্ট প্রকল্প |
| | ২ | [৬] ধানের জাত ও প্রযুক্তি সম্প্রসাররণের লক্ষ্যে ডিএই-এর নিকট ব্রি উদ্ভাবিত জাত ও প্রযুক্তি হস্তান্তর | সংখ্যা | ২ | ০৬ | ০২ | উদ্ভিদ প্রজনন, হাইব্রিড ও জীব প্রযুক্তি বিভাগ |
| | ৩ | [৭] BRKB প্ল্যাটফর্মের মাধ্যমে ই-কৃষি সংক্রান্ত তথ্য সেবা | সংখ্যা (লক্ষ) [হিট কাউন্টার] | ২ | ৪.৮৩ | ৫.৫০ | আইসিটি সেল,<br>কৃষি পরিসংখ্যান বিভাগ |
| | ৬ | [৮] কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ | সংখ্যা | ২ | ১২ | ১৮ | এগ্রোমেট ল্যাব |
| | ৬ | [৯] কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ সেবা | সংখ্যা | ২ | - | ১০০০০ | এগ্রোমেট ল্যাব |
| ২) নীতি ও সংস্কার কার্যক্রম<br>(Policy and Reform)<br>[মান - ১০] | ৪ | [১০] ধানের উপযুক্ত জাত ও শস্য বিন্যাসের তথ্য প্রদান সংক্রান্ত 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশন (www.riceprofile.brri.gov.bd) প্রস্তুতকরণ | তারিখ | ৪ | - | ৩০-০৬-২০২৭ | উদ্ভিদ প্রজনন, হাইব্রিড, জীব প্রযুক্তি, আরএফএস, জিকিউএন ও আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ |
| | ১০ | [১১] গবেষণা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দেশ/সংস্থার সাথে MoU / LoA স্বাক্ষর | তারিখ | ৪ | - | ৩০-০৬-২০২৭ | টিওসি, পরিচালক (গবেষণা) এর দপ্তর |
| | ১৩ | [১২] প্রবিধান / জনবল কাঠামো সংস্কার / হালনাগাদকরণের প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | - | ৩০-০৬-২০২৭ | প্রশাসন বিভাগ |
| (৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional capacity and Efficiency) [মান-৩০] | ১৬ | [১৩] ৪র্থ শিল্প বিপ্লব/স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | সংখ্যা (জন) | ৪ | - | ৪০ | আইসিটি সেল,<br>কৃষি পরিসংখ্যান বিভাগ |
| | ১৬ | [১৪] ডি-নথি ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন | সংখ্যা (জন) | ৪ | - | ৪০ | আইসিটি সেল,<br>কৃষি পরিসংখ্যান বিভাগ |

২৮/০৮/২০২৬

২৮/০৮/২০২৬
ড. মোঃ ইসমাইল হোসেন
সিএসও ও বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
গাজীপুর-১৭০১

| কর্মসম্পাদন ক্ষেত্র | দপ্তর / সংস্থার পরিকল্পনার ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) | দায়িত্বপ্রাপ্ত বিভাগ / শাখা / আ.কা. / প্রকল্প |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | ১৬ | [১৫] দক্ষতা উন্নয়নে সেমিনার / কর্মশালা আয়োজন | সংখ্যা | ৩ | ১৬ | ১৮ | টিওসি, সকল গবেষণা বিভাগ, আঞ্চলিক কার্যালয় ও সংশ্লিষ্ট প্রকল্প |
| | ৫ | [১৬] ধানের জার্মপ্লাজম নিবন্ধন | সংখ্যা | ৩ | ১২ | ১৫ | জিআরএস বিভাগ |
| | ৭ | [১৭] ফাইটোসেনিটরি আবেদন নিষ্পত্তিকরণ | % | ৩ | ১০০ | ১০০ | উদ্ভিদ রোগতত্ত্ব ও কীটতত্ত্ব বিভাগ |
| | ৭ | [১৮] আইপিএম ও আইসিএম / আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ আয়োজন | সংখ্যা (জন) | ৩ | ৪৬০ | ৫০০ | উদ্ভিদ রোগতত্ত্ব, কীটতত্ত্ব, কৃষিতত্ত্ব ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগ |
| | ৯ | [১৯] Rice Analytical Lab কর্তৃক Multiresidual পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ | সংখ্যা | ২ | - | ৫০ | রাইস অ্যানালাইটিকাল ল্যাব (RAL) |
| | ১২ | [২০] জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিখিত পরীক্ষার আয়োজন | তারিখ | ২ | ০৫-১০-২০২৫ | ৩০-০৬-২০২৭ | প্রশাসন বিভাগ |
| | ১২ | [২১] পদোন্নতিযোগ্য মোট পদের (৩য়-২০তম গ্রেড) ক্ষেত্রে পদোন্নতি প্রদানের উদ্যোগ গ্রহণ | % | ২ | ৩০ | ১০ | প্রশাসন বিভাগ |
| | ১৪ | [২২] অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | % | ২ | ১২ | ৫ | অডিট সেল |
| | ১৫ | [২৩] ধানের প্রযুক্তি সংক্রান্ত প্রকাশনার সংখ্যা | সংখ্যা | ২ | ১০ | ০৮ | পিপিআরডি বিভাগ ও সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development and Other Activities) [মান-১৬] | ৮ | [২৪] মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ | সংখ্যা (একর) | ৩ | ১৫০ | ১০০ | আইডব্লিউএম বিভাগ |
| | ১১ | [২৫] গবেষণা ও অবকাঠামো উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ৩ | - | ০৩ | পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ ও সংশ্লিষ্ট প্রকল্প |
| | ১৭ | [২৬] ব্রিডার বীজ উৎপাদন | মে. টন | ৩ | ১০০ | ১০০ | জিআরএস বিভাগ |
| | ১৭ | [২৭] তালিকাভূক্ত ডিলার পর্যায়ে ব্রিডার বীজ বিতরণ | মে. টন | ৩ | ১০০ | ১০০ | জিআরএস বিভাগ |
| | ১৮ | [২৮] মানঘোষিত বীজ উৎপাদন | মে. টন | ২ | ১৩০ | ১৫০ | খামার ব্যবস্থাপনা বিভাগ |
| | ১৮ | [২৯] মানঘোষিত বীজ বিতরণ | মে. টন | ২ | ১৩০ | ১৫০ | খামার ব্যবস্থাপনা বিভাগ |

১৮/০৮/২০২৫

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।

ড. মোঃ ইসমাইল হোসেন
সিএসও ও বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
ব্রি, গাজীপুর-১৭০১।

# সেকশন-৩
## দপ্তর / সংস্থার কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন
## [২০০০ হতে ২২০০ শব্দের মধ্যে]

**ভূমিকাঃ**

ধান বাংলাদেশের উন্নয়নের মূল ভিত্তি। টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ধানের উন্নত জাত ও উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করা বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অন্যতম লক্ষ্য। বাংলাদেশের কৃষি অর্থনীতির মূলভিত্তি হলো ধান উৎপাদন। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে ধান গবেষণা ও এর মাঠ পর্যায়ে কার্যকর বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। আঞ্চলিক কার্যালয়সমূহ কৃষকদের সাথে সরাসরি সংযোগ স্থাপন করে উন্নত প্রযুক্তি, জাত ও ব্যবস্থাপনা পদ্ধতি পৌঁছে দেয়। ফলে মাঠ পর্যায়ের কার্যক্রমের দক্ষতা ও কৌশলগত ব্যবস্থাপনার উপর ধান গবেষণার সাফল্য অনেকাংশেই নির্ভর করে।

**প্রেক্ষাপট বিশ্লেষণঃ**

বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন, কৃষি জমির পরিমাণ হ্রাস, রোগ-বালাই এবং প্রাকৃতিক দুর্যোগ ধান উৎপাদনে বড় ধরনের চ্যালেঞ্জ সৃষ্টি করছে। বন্যা, খরা, লবণাক্ততা ও অতিবৃষ্টির মতো সমস্যা কৃষকদের উৎপাদন ব্যবস্থাকে ঝুঁকির মুখে ফেলছে। এই প্রেক্ষাপটে গবেষণাগারে উদ্ভাবিত নতুন জাত ও প্রযুক্তি মাঠ পর্যায়ে দ্রুত এবং কার্যকরভাবে ছড়িয়ে দেওয়া অপরিহার্য। চাহিদা সম্পন্ন ধানের জাত উদ্ভাবন, কৃষি সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণ প্রদান, মাঠ দিবস আয়োজন, প্রদর্শনী প্লট স্থাপন এবং স্থানীয় প্রধান রোগ ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা প্রযুক্তি সম্প্রসারণ করে কৃষকদের সমস্যা সমাধানে কাজ করে। তবে জনবল স্বল্পতা, প্রযুক্তিগত সীমাবদ্ধতা এবং সমন্বয়ের অভাব অনেক সময় কার্যক্রমকে বাধাগ্রস্ত করে। পাশাপাশি কৃষকদের সচেতনতার অভাব এবং আধুনিক প্রযুক্তি গ্রহণে অনীহাও একটি বড় চ্যালেঞ্জ।

**গৃহীত পদক্ষেপঃ**

মাঠ পর্যায়ের ধান গবেষণা কার্যক্রমকে আরও কার্যকর করতে বিভিন্ন কৌশলগত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো:

- স্থানীয় চাহিদা সম্পন্ন ধানের জাতের অগ্রগামী সারি উদ্ভাবন;
- নতুন ও উচ্চ ফলনশীল আধুনুক ধানের জাত সম্প্রসারণ;
- ধানের প্রধান ক্ষতিকর রোগবালাই ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা প্রযুক্তি কৃষক পর্যায়ে অবহিতকরণ ও সরেজমিন প্রদর্শন;
- জাতভিত্তিক সার ব্যবস্থাপনা পরীক্ষা স্থাপন;
- অঞ্চলভিত্তিক ধানের শস্য বিন্যাস প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ;
- উন্নত ও জলবায়ু সহনশীল ধানের জাত সম্প্রসারণে প্রদর্শনী প্লট স্থাপন;
- কৃষকদের জন্য প্রশিক্ষণ ও মাঠ দিবস আয়োজন;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) ও গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় জোরদারকরণ;
- গবেষণা ও মাঠপর্যায়ে কৃষি কার্যক্রমে জেন্ডার বৈষম্য দূরীকরণ;
- ব্রি জাতসমূহের স্থায়িত্ব পরীক্ষণের জন্য একটি স্থায়িত্ব মডেল (Stability Model) উদ্ভাবন ও জেনেটিক গেইন (Genetic Gain) তৈরি;
- জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম পদ্ধতি ব্যবহার করে বাংলাদেশে খরা প্রবণ এলাকা চিহ্নিতকরণ ও মানচিত্র তৈরী;
- মাটির গুণাগুণের উপর ভিত্তি করে ব্রি ধান চাষাবাদ উপযোগীতার ম্যাপ তৈরি;
- সকল পর্যায়ে ই-গভর্নেন্স ও ই-কৃষি সেবা ব্যবস্থা চালুর লক্ষ্যে মোবাইল ও ওয়েব অ্যাপস অ্যাপস তৈরী;
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার অংশ হিসেবে আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স (এআই), ইন্টারনেট অব থিংস (আইওটি), মেশিন লার্নিং (এমএল), ড্রোন ও প্রিসিশন এগ্রিকালচার প্রযুক্তি ব্যবহার;

**অর্জনসমূহঃ**

- ১০টি হাইব্রিডসহ ১২৭টি উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন। এসব জাতের ফলন সনাতন জাতের চেয়ে তিনগুণ বেশি;
- ব্রির উদ্ভাবনের মধ্যে রয়েছে লবণাক্ততা সহনশীল ১২টি, আকস্মিক বন্যা সহনশীল ৩টি, অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকার উপযোগী ৩টি, খরা সহনশীল ৪টি, জিঙ্ক সমৃদ্ধ ৭টি এবং সুগন্ধি ও রপ্তানি উপযোগী ১২টি আধুনিক ধানের জাত।
- আধুনিক ধান চাষের জন্য মাটি, পানি ও সার ব্যবস্থাপনার ক্ষেত্রে ২০০টির বেশি উন্নত প্রযুক্তি উদ্ভাবন।
- বিগত পাঁচ দশকে ৫১টি লাভজনক ধানভিত্তিক শস্যক্রম উদ্ভাবন;

- আইসিটি খাতে ব্রি এখন পর্যন্ত ৫টি মোবাইল অ্যাপস ডেভেলপ করেছে অ্যাপসগুলো হচ্ছে: ১. ধান সুরক্ষা (রাইস সল্যুশন) [সেন্সরভিত্তিক ধানের রোগবালাই ব্যবস্থাপনা], ২. রাইস প্রোফাইল, ৩. ব্রি রাইস ডক্টর, ৪. রাইস নলেজ ব্যাংক (আরকেবি), ৫. আধুনিক ধানের পরিচর্যা।
- বিগত পাঁচ দশকে ৩৬টি কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়ন এবং কৃষক পর্যায়ে বিতরণ;
- ধানের ৩২টি রোগ (১০টি প্রধান) ও ২৬৬টি ক্ষতিকর পোকা (২০টি প্রধান) শনাক্তকরণ এবং বালাই ব্যবস্থাপনা উদ্ভাবন;
- এক লাখ পঞ্চাশ হাজার কৃষি কর্মকর্তা ও কৃষককে বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ প্রদান এবং ৩৬৩টি বই-পত্র প্রকাশ;
- দেশ-বিদেশের প্রায় ৯০৫২টি ধানের জার্মপ্লাজম ব্রি জিন ব্যাংকে সংরক্ষণ;
- প্রতি বছর ব্রি থেকে প্রায় ২০০টনের অধিক ব্রিডার বীজ উৎপাদনপূর্বক বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে সরবরাহ করা হয় যা পরে বর্ধিত আকারে বীজ নেটওয়ার্কের মাধ্যমে সারাদেশের কৃষকের কাছে যায়;
- ১৪টি দেশে ব্রি উদ্ভাবিত ২১টি জাতের ধান চাষ করা হচ্ছে;
- বিজ্ঞান ও কৃষি উন্নয়নে অবদানের জন্য ব্রি ও এর বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ কর্তৃক তিনবার স্বাধীনতা দিবস পুরস্কার, ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ড, ডিজিটাল বাংলাদেশ অ্যাওয়ার্ড সহ অসংখ্য জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার অর্জন।

**ফলাফল বিশ্লেষণঃ**

সামগ্রিকভাবে মাঠ পর্যায়ের কৌশলগত উদ্যোগগুলো ধান উৎপাদনে ইতিবাচক প্রভাব ফেলবে। বিশেষ করে উন্নত জাতের ব্যবহার বৃদ্ধির ফলে প্রতি একরে উৎপাদন বাড়বে। কৃষকরা এখন আগের তুলনায় বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ করতে আগ্রহী হচ্ছে।

তবে কিছু ক্ষেত্রে প্রত্যাশিত ফলাফল অর্জিত হয়নি। যেমন, প্রযুক্তি গ্রহণের গতি এখনও ধীর, বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলে। এছাড়া কিছু কৃষক এখনও প্রচলিত পদ্ধতির উপর নির্ভরশীল। এর ফলে উৎপাদন সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানো সম্ভব হচ্ছে না।

**চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতাঃ**

মাঠ পর্যায়ের ধান গবেষণা কার্যক্রমে বেশ কিছু চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতা বিদ্যমান:

- পর্যাপ্ত জনবল ও প্রশিক্ষণের অভাব
- প্রযুক্তিগত অবকাঠামোর সীমাবদ্ধতা
- ধানের প্রধান ক্ষতিকর রোগবালাই ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা প্রযুক্তি কৃষক পর্যায়ে সচেতনতার অভাব
- কৃষকদের আর্থিক সক্ষমতার অভাব
- জলবায়ু পরিবর্তনের অনিশ্চয়তা
- তথ্য ও প্রযুক্তি পৌঁছাতে বিলম্ব
- ধান উৎপাদনে আধুনিক কৃষি মেশিনারিজের অভাব

এসব কারণে অনেক সময় পরিকল্পিত কার্যক্রম বাস্তবায়নে বাধা সৃষ্টি হয়।

**ভবিষ্যত পরিকল্পনা ও সুপারিশঃ**

এসডিজি, ডেল্টা প্লান, ৪র্থ শিল্প বিপ্লব, স্মার্ট এগ্রিকালচার, নির্বাচনী ইশতেহার, জাতীয় কৃষিনীতি ২০১৮, আইসিটি নীতিমালা ২০১৮ এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া পরিবর্তিত জলবায়ুর প্রভাবে খরা, লবণাক্ততা, জলাবদ্ধতা, জলমগ্নতা, ঠান্ডা, তাপ, পোকামাকড় ও রোগবালাই বৃদ্ধির কারণে ভবিষ্যতে দেশে চালে স্বয়ংসম্পূর্ণতা অর্জনকে টেকসই রূপ প্রদানের লক্ষ্যে উচ্চ ফলনশীল, প্রতিকূলতা সহিষ্ণু, স্বল্প মেয়াদি ও উপকরণ নির্ভর জাত এবং চাষাবাদ প্রযুক্তির উদ্ভাবন ও উন্নয়ন করে ধানের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ কার্যক্রম ভবিষ্যৎ (স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি) পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে।

**উপসংহারঃ**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট দেশের কৃষি গবেষণা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গবেষণা কার্যক্রমের পাশাপাশি সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং প্রযুক্তিনির্ভর প্রশাসনিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠার ক্ষেত্রেও প্রতিষ্ঠানটি ধারাবাহিকভাবে অগ্রসর হচ্ছে। GPMS বাস্তবায়নের মাধ্যমে ব্রি'র প্রশাসনিক কার্যক্রম অধিকতর ফলাফলমুখী, স্বচ্ছ এবং দক্ষ হবে। ২০২৬-২৭ অর্থবছরে পরিকল্পিত কার্যক্রমসমূহ সফলভাবে বাস্তবায়িত হলে ব্রি একটি পূর্ণাঙ্গ ডিজিটাল, স্মার্ট ও সুশাসনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠানে রূপান্তরিত হবে। এর মাধ্যমে গবেষণার গুণগত মান বৃদ্ধি, সেবার মানোন্নয়ন এবং জাতীয় কৃষি উন্নয়নে আরও কার্যকর অবদান রাখা সম্ভব হবে।

# সংযোজনী-১
## শব্দসংক্ষেপ

| ক্র. নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআরডি | এ্যাডাপটিভ রিসার্চ ডিভিশন |
| ২ | এফএমপিএইচটি | ফার্ম মেশিনারি এন্ড পোষ্টহারভেস্ট টেকনোলোজি |
| ৩ | এটুআই | অ্যাসপায়ার টু ইনোভেট |
| ৪ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ৫ | বিআরআরআই/ব্রি | বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট |
| ৬ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচার ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৭ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ৮ | বিআরকেবি | বাংলাদেশ রাইস নলেজ ব্যাংক |
| ৯ | ডিএই | ডিপার্টমেন্ট  অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ১০ | জিকিউএন | গ্রেইন কোয়ালিটি এন্ড নিউট্রিশন |
| ১১ | জিআরএস | জেনেটিক রিসোর্সেস এন্ড সিড |
| ১২ | আইসিএম | ইন্ট্রিগেটেড ক্রপ ম্যানেজমেন্ট |
| ১৩ | আইপিএম | ইন্ট্রিগেটেড পেস্ট ম্যানেজমেন্ট |
| ১৪ | আইএনএম | ইন্ট্রিগেটেড নিউট্রেন্ট ম্যানেজমেন্ট |
| ১৫ | আইডব্লিউএম | ইরিগেশন এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট |
| ১৬ | পিএমও | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ১৭ | পিপিআরডি | পাবলিকেশনস এন্ড পাবলিক রিলেশনস ডিভিশন |
| ১৮ | আরএফএস | রাইস ফার্মিং সিস্টেমস |
| ১৯ | এসসিএ | সিড সার্টিফিকেশন এজেন্সি |
| ২০ | টিওসি | ট্রেনিং অপারেশন্স সেল |
| ২১ | ডব্লিওএমএম | ওয়ার্কশপ মেশিনারি এন্ড মেইনটেনেন্স |
| ২২ | 4IR | 4th Industrial Revoulation |
| ২৩ | MoU | Memorrundam of Understanding |
| ২৪ | LoA | Letter of Agreement |

## সংযোজনী-২
## বিস্তারিত পরিকল্পনা (Detailed plan)

| ক্র. নং | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৬-২৭) | ২য় বছর (২০২৭-২৮) | ৩য় বছর (২০২৮-২৯) |
| ১. | উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন | জাত উদ্ভাবন–২টি | জাত উদ্ভাবন–২টি | জাত উদ্ভাবন-২টি |
| ২. | ধানের জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন | জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন–২টি | জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন–২টি | জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন–২টি |
| ৩. | কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন | ৫৫০০ জন | ৬০০০ জন | ৬৫০০ জন |
| ৪. | উদ্ভাবিত ধানের জাত ও প্রযুক্তি জনপ্রিয়করণের লক্ষ্যে মাঠ প্রদর্শনীর আয়োজন | ৬০০০টি | ৬২০০টি | ৬২০০টি |
| ৫. | ধানের জাত ও প্রযুক্তি সম্প্রসাররণের লক্ষ্যে ডিএই-এর নিকট ব্রি উদ্ভাবিত জাত ও প্রযুক্তি হস্তান্তর | ২টি | ২টি | ২টি |
| ৬. | সম্প্রসারণ কর্মকর্তা / কর্মী প্রশিক্ষণ আয়োজন | ২০০ জন | ২৫০ জন | ৩০০ জন |
| ৭. | BRKB প্ল্যাটফর্মের মাধ্যমে ই-কৃষি সংক্রান্ত তথ্য সেবা | ৫.৫০ লক্ষ ভিজিট (হিট কাউন্টার) | ৫.৭০ লক্ষ ভিজিট (হিট কাউন্টার) | ৫.৯০ লক্ষ ভিজিট (হিট কাউন্টার) |
| ৮. | কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ | ১৮টি জেলা | ২২টি জেলা | ২৮টি জেলা |
| ৯. | কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ সেবা | ১০,০০০ SMS | ১৫,০০০ SMS | ২০,০০০ SMS |
| ১০. | ধানের উপযুক্ত জাত ও শস্য বিন্যাসের তথ্য প্রদান সংক্রান্ত 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশন (www.riceprofile.brri.gov.bd) প্রস্তুতকরণ | 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশন প্রস্তুতকরণ | প্রস্তুতকৃত 'Rice Profile' মোবাইল অ্যাপ্লিকেশন ০২টি (Android & iOS) প্ল্যাটফর্মে যুক্তকরণ | পূর্ণাঙ্গ সিস্টেম (মোবাইল রেসপনসিভ ওয়েব অ্যাপ ও মোবাইল অ্যাপ) বাস্তবায়ন |
| ১১. | গবেষণা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দেশ/সংস্থার সাথে MoU / LoA স্বাক্ষর | ০১টি | ০১টি | ০১টি |
| ১২. | প্রবিধান /জনবল কাঠামো সংস্কার / হালনাগাদকরণের প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | ৩০-০৬-২০২৭ | ৩০-০৬-২০২৭ | ৩০-০৬-২০২৭ |
| ১৩. | ৪র্থ শিল্প বিপ্লব/স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | ৪০ জন | ৫০ জন | ৬০ জন |
| ১৪. | ডি-নথি ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন | ৪০ জন | ৫০ জন | ৬০ জন |
| ১৫. | দক্ষতা উন্নয়নে সেমিনার / কর্মশালা আয়োজন | ১৮টি | ২০টি | ২২টি |
| ১৬. | ধানের জার্মপ্লাজম নিবন্ধন | ১৫টি | ২০টি | ২৫টি |
| ১৭. | ফাইটোসেনিটরি আবেদন নিষ্পত্তিকরণ | ১০০% | ১০০% | ১০০% |
| ১৮. | আইপিএম ও আইসিএম / আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ আয়োজন | ৫০০ জন | ৬০০ জন | ৭০০ জন |
| ১৯. | Rice Analytical Lab কর্তৃক Multiresidual পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ | ৫০টি | ১০০টি | ১৫০টি |

| ক্র. নং | পরিকল্পনার কার্যক্রম | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | **১ম বছর (২০২৬-২৭)** | **২য় বছর (২০২৭-২৮)** | **৩য় বছর (২০২৮-২৯)** |
| ২০. | জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিখিত পরীক্ষার আয়োজন | ৩০-০৬-২০২৭ | ৩০-০৬-২০২৭ | ৩০-০৬-২০২৭ |
| ২১. | পদোন্নতিযোগ্য মোট পদের (৩য়-২০তম গ্রেড) ক্ষেত্রে পদোন্নতি প্রদানের উদ্যোগ গ্রহণ | ১০% | ১৫% | ২০% |
| ২২. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | ০৫% | ০৭% | ১০% |
| ২৩. | ধানের প্রযুক্তি সংক্রান্ত প্রকাশনার সংখ্যা | ০৮টি | ১০টি | ১২টি |
| ২৪. | মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ | ১০০ একর | ১২০ একর | ১৫০ একর |
| ২৫. | গবেষণা ও অবকাঠামো উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন | ০৩টি | ০৪টি | ০৫টি |
| ২৬. | ব্রিডার বীজ উৎপাদন | ১০০ টন | ১১০ টন | ১২০ টন |
| ২৭. | তালিকাভূক্ত ডিলার পর্যায়ে ব্রিডার বীজ বিতরণ | ১০০ টন | ১১০ টন | ১২০ টন |
| ২৮. | মানঘোষিত বীজ উৎপাদন | ১৫০ টন | ১৭০ টন | ১৯০ টন |
| ২৯. | মানঘোষিত বীজ বিতরণ | ১৫০ টন | ১৭০ টন | ১৯০ টন |

## সংযোজনী-৩

## (কর্মসম্পাদন ও প্রমাণক) (Performance and proof)

| ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানক |
|---|---|---|
| ১. | উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন | ফরোয়ার্ডিং পত্র, জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর সভার নোটিশ ও কার্যবিবরণী |
| ২. | ধানের জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন | উদ্ভাবিত ধানের জাতের ফ্যাক্ট শীট, প্রযোজ্য ক্ষেত্রে কারিগরি কমিটি কর্তৃক বাছাইকৃত বিভিন্ন বিভাগ ও আঞ্চলিক কার্যালয় থেকে প্রাপ্ত অনুকূল পরিবেশে উদ্ভাবিত অন্যান্য প্রযুক্তির তালিকা, বোর্ড অব ম্যানেজমেন্ট সভার কার্যবিবরণী |
| ৩. | কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কার্যক্রম | প্রশিক্ষণের নোটিশ, বিষয়, কৃষকের নাম, ঠিকানা, তারিখ, মোবাইল নম্বর, স্বাক্ষরসহ তালিকা ও স্থির চিত্র |
| ৪. | উদ্ভাবিত ধানের জাত ও প্রযুক্তি জনপ্রিয়করণের লক্ষ্যে মাঠ প্রদর্শনীর আয়োজন | ফরোয়ার্ডিং পত্র, কৃষকের নাম, স্থান, জাতের নাম, প্রদর্শিত জমির পরিমাণসহ স্থাপিত প্রদর্শনীর তালিকা ও সাইন বোর্ড সম্বলিত স্থির চিত্র |
| ৫. | ধানের জাত ও প্রযুক্তি সম্প্রসাররণের লক্ষ্যে ডিএই-এর নিকট ব্রি উদ্ভাবিত জাত ও প্রযুক্তি হস্তান্তর | ডিএই-এর নিকট প্রেরিত চিঠি (জাতীয় বীজ বোর্ডের কার্যবিবরণী, ফ্যাক্ট শীট সংযুক্তিসহ) |
| ৬. | সম্প্রসারণ কর্মকর্তা / কর্মী প্রশিক্ষণ কার্যক্রম | ফরোয়ার্ডিং পত্র, প্রশিক্ষণের বিষয়, সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীর নাম, তারিখ, মোবাইল নম্বর, স্বাক্ষরসহ তালিকা ও স্থির চিত্র |
| ৭. | BRKB প্ল্যাটফর্মের মাধ্যমে ই-কৃষি সংক্রান্ত তথ্য সেবা | BRKB প্ল্যাটফর্মের মাধ্যমে কৃষি বিষয়ে ই-কৃষি সেবাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা (হিট কাউন্টার) সম্বলিত কপি / ওয়েবসাইটের স্ক্রীনশট |
| ৮. | ধানের উপযুক্ত জাত ও শস্য বিন্যাসের তথ্য প্রদান সংক্রান্ত 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশন (www.riceprofile.brri.gov.bd) প্রস্তুতকরণ | 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশনের নাম, লিংক, ডেভেলপার তারিখ সম্বলিত অফিস আদেশ/প্রত্যয়ন এবং Software Requrements specification (SRS) |
| ৯. | কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ | কৃষি আবহাওয়া বিষয়ক এডভাইজরি প্রদানের কপি/প্রতিবেদন, সুবিধাভোগী ও প্রভাব সংক্রান্ত প্রতিবেদন |
| ১০. | কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ সেবা | SMS/voice call ভিত্তিক তারিখ, সুবিধাভোগীর মোবাইল নম্বর সম্বলিত তালিকা ও প্রত্যয়ন |
| ১১. | গবেষণা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দেশ/সংস্থার সাথে MoU / LoA স্বাক্ষর | স্বাক্ষরিত MoU / LoA |
| ১২. | পদোন্নতিযোগ্য মোট পদের ক্ষেত্রে পদোন্নতি প্রদান | ফরোয়ার্ডিং পত্রসহ পদোন্নতির অফিস আদেশ, সকল তথ্যের সামারি শীট এবং বিওএম সভার নোটিশ ও কার্যবিবরণী |
| ১৩. | প্রবিধান /জনবল কাঠামো সংস্কার / হালনাগাদকরণের প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | প্রবিধান /জনবল কাঠামো সংস্কার / হালনাগাদকরণের প্রস্তাবনা সংক্রান্ত ফরোয়ার্ডিং পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে সংযুক্তি |
| ১৪. | ধানের জার্মপ্লাজম নিবন্ধন | জিআরএস বিভাগ থেকে প্রাপ্ত নিবন্ধিত জার্মপ্লাজমের তালিকা |
| ১৫. | ফাইটোসেনিটরি আবেদন নিষ্পত্তিকরণ | পরীক্ষিত ফাইটোসেনেটরি নমুনার রেজিষ্ট্রিকৃত আবেদনের তালিকা ও নিষ্পত্তি সংক্রান্ত পত্র |
| ১৬. | আইপিএম ও আইসিএম / আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ | ফরোয়ার্ডিং পত্র, কৃষকের নাম, ঠিকানা, তারিখ, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ আইপিএম ও আইসিএম বিষয়ে প্রশিক্ষিত কর্মকর্তা/ কৃষকের তালিকা, হাজিরা ও স্থির চিত্র |
| ১৭. | Rice Analytical Lab কর্তৃক Multiresidual পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ | রেজিষ্ট্রিকৃত আবেদনের তালিকা, গুণগত মান পরীক্ষণ/নিষ্পত্তি সংক্রান্ত পত্র/প্রত্যয়ন |
| ১৮. | জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিখিত পরীক্ষার আয়োজন | ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ফরোয়ার্ডিং পত্রসহ নিয়োগ সংক্রান্ত তথ্যের সামারি শীট, ডিপিসি ও বিওএম সভার নোটিশ, নিয়োগ বিজ্ঞপ্তি এবং ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল |
| ১৯. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | ফরোয়ার্ডিং পত্রসহ অডিট আপত্তির ব্রডশীট জবাব, অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত অডিটসমূহের তালিকাসম্বলিত চিঠি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের নোটিশ এবং কার্যবিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) |

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।



ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সায়েন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

| ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানক |
|---|---|---|
| ২০. | প্রকাশনার সংখ্যা | ফরোয়ার্ডিং পত্র, প্রকাশনার নাম, প্রকাশনা নাম্বার ও প্রকাশকালসহ প্রকাশনার কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে এ সংক্রান্ত অনুমোদিত বরাদ্দকৃত বাজেটের কপি/কার্য অনুমোদনের অফিস আদেশ |
| ২১. | ৪র্থ শিল্প বিপ্লব/স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | প্রশিক্ষণ / কর্মশালা আয়োজনের নোটিশ, প্রশিক্ষণার্থীদের হাজিরা তালিকা ও স্থির চিত্র |
| ২২. | ডি-নথি ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজনের নোটিশ, প্রশিক্ষণার্থীদের হাজিরা তালিকা ও স্থির চিত্র |
| ২৩. | দক্ষতা উন্নয়নে সেমিনার / কর্মশালা আয়োজন | ফরোয়ার্ডিং পত্র, নাম, বিষয়, তারিখসহ আয়োজিত সেমিনার/ওয়ার্কশপের তালিকা, অংশগ্রহণকারীদের হাজিরা ও স্থির চিত্র |
| ২৪. | মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ | উদ্ভাবিত সেচ প্রযুক্তির সংখ্যার তথ্য সম্বলিত ফরোয়ার্ডিং পত্র, প্রদর্শনীর স্থিরচিত্র / সহযোগী কৃষকের বিস্তারিত তথ্য / গবেষণা প্রতিবেদন |
| ২৫. | সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন | বিভিন্ন উন্নয়ন প্রকল্প /কর্মসূচি ও রাজস্ব বাজেটভুক্ত উদ্ভাবনী গবেষণা কার্যক্রম মাঠ পর্যায়ে পরিদর্শন করতঃ সুপারিশ সংখ্যা উল্লেখপূর্বক বাস্তবায়নের প্রতিবেদন ও তালিকা |
| ২৬. | ব্রিডার বীজ উৎপাদন | ফরোয়ার্ডিং পত্রসহ বিভিন্ন জাতের ব্রিডার বীজের নাম ও পরিমাণসহ উৎপাদনের জাতভিত্তিক তালিকা |
| ২৭. | ব্রিডার বীজ বিতরণ | ফরোয়ার্ডিং পত্রসহ প্রাপ্ত বিভিন্ন জাতের ব্রিডার বীজের নাম ও পরিমাণসহ বিতরণের তালিকা (প্রতিষ্ঠান/ব্যক্তি/কৃষক) |
| ২৮. | মানঘোষিত বীজ উৎপাদন | ফরোয়ার্ডিং পত্রসহ প্রাপ্ত বিভিন্ন জাতের মানঘোষিত বীজের নাম ও পরিমাণসহ উৎপাদনের জাতভিত্তিক তালিকা |
| ২৯. | মানঘোষিত বীজ বিতরণ | ফরোয়ার্ডিং পত্রসহ প্রাপ্ত বিভিন্ন জাতের মানঘোষিত বীজের নাম ও পরিমাণসহ বিতরণের তালিকা (প্রতিষ্ঠান/ব্যক্তি/কৃষক) |

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।

ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

## সংযোজনী-৪

### অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ (Activities related/dependent to other offices)

| ক্র. নং | কার্যক্রম/ফলাফল নির্দেশক | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১. | উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন | বীজ প্রত্যয়ন এজেন্সি | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের উচ্চফলনশীল জাত অবমুক্তকরণের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সির সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২. | ধানের জাত সংশ্লিষ্ট ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৩. | কৃষকদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কার্যক্রম | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের উদ্ভাবিত জাত ও প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৪. | উদ্ভাবিত ধানের জাত ও প্রযুক্তি জনপ্রিয়করণের লক্ষ্যে মাঠ প্রদর্শনীর আয়োজন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের উদ্ভাবিত জাত ও প্রযুক্তি বিষয়ক প্রদর্শনী আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৫. | ধানের জাত ও প্রযুক্তি সম্প্রসাররণের লক্ষ্যে ডিএই-এর নিকট ব্রি উদ্ভাবিত জাত ও প্রযুক্তি হস্তান্তর | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের উদ্ভাবিত জাত ও প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৬. | সম্প্রসারণ কর্মকর্তা / কর্মী প্রশিক্ষণ কার্যক্রম | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে অংশগ্রহণ ও সহযোগিতার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৭. | BRKB প্ল্যাটফর্মের মাধ্যমে ই-কৃষি সংক্রান্ত তথ্য সেবা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) | হোস্টিং সংক্রান্ত সহযোগিতার জন্য বিসিসি এর সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৮. | ধানের উপযুক্ত জাত ও শস্য বিন্যাসের তথ্য প্রদান সংক্রান্ত 'Rice Profile' ওয়েব অ্যাপ্লিকেশন (www.riceprofile.brri.gov.bd) প্রস্তুতকরণ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) | হোস্টিং, ক্লাউড সার্ভার সংক্রান্ত সহযোগিতার জন্য বিসিসি এর সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ৯. | কৃষকদের জন্য আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা চালুকরণ | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) | আবহাওয়ার পূর্বাভাস ব্যবস্থা সংক্রান্ত সহযোগিতার জন্য বিএমডি এর সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১০. | কৃষকদের SMS/voice call ভিত্তিক কৃষি পরামর্শ সেবা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ধানের উদ্ভাবিত জাত, প্রযুক্তি ও আবহাওয়ার পূর্বাভাস সংক্রান্ত সহযোগিতার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।

ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

| ক্র. নং | কার্যক্রম/ফলাফল নির্দেশক | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১১. | গবেষণা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে দেশ/সংস্থার সাথে MoU / LoA স্বাক্ষর | কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) | MoU / LoA স্বাক্ষর সংক্রান্ত পূর্বানুমোদন ও সহযোগিতার জন্য কৃষি মন্ত্রণালয় ও বিএআরসি সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১২. | পদোন্নতিযোগ্য মোট পদের ক্ষেত্রে পদোন্নতি প্রদান | কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) | ছাড়পত্র সংক্রান্ত পূর্বানুমোদন ও সহযোগিতার জন্য কৃষি মন্ত্রণালয় ও বিএআরসি সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৩. | প্রবিধান /জনবল কাঠামো সংস্কার / হালনাগাদকরণের প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) | প্রবিধান /জনবল কাঠামো সংস্কার / হালনাগাদকরণ সংক্রান্ত পূর্বানুমোদন ও সহযোগিতার জন্য কৃষি মন্ত্রণালয় ও বিএআরসি সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৪. | ধানের জার্মপ্লাজম নিবন্ধন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের জার্মপ্লাজম সংগ্রহে মাঠপর্যায়ে সহযোগিতা প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৫. | ফাইটোসেনিটারি আবেদন নিষ্পত্তিকরণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ফাইটোসেনিটরি আবেদন প্রেরণে সহযোগিতা প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৬. | আইপিএম ও আইসিএম / আইএনএম বিষয়ে কর্মকর্তা / কৃষক প্রশিক্ষণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | আইপিএম ও আইসিএম / আইএনএম বিষয়ক প্রশিক্ষণ প্রদানে সহযোগিতার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৭. | Rice Analytical Lab কর্তৃক Multiresidual পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | Multiresidual পেস্টিসাইড এনালাইসিস সহ চালের গুণগত মান পরীক্ষণ সংক্রান্ত নমুনা প্রেরণে সহযোগিতার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৮. | জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও লিখিত পরীক্ষার আয়োজন | কৃষি মন্ত্রণালয় | ছাড়পত্র সংক্রান্ত পূর্বানুমোদন ও সহযোগিতার জন্য কৃষি মন্ত্রণালয় ও বিএআরসি সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ১৯. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | কৃষি মন্ত্রণালয় ও অডিট অধিদপ্তর | অডিট আপত্তির ব্রডশীট জবাব, নিষ্পত্তিকৃত অডিটসমূহের তালিকাসম্বলিত চিঠি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের নোটিশ প্রদানে সহযোগিতার জন্য কৃষি মন্ত্রণালয় ও অডিট অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২০. | প্রকাশনার সংখ্যা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ব্রি'র প্রকাশনা মাঠপর্যায়ে বিতরণে সহযোগিতার জন্য এআইএস ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।

ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

| ক্র. নং | কার্যক্রম/ফলাফল নির্দেশক | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ২১. | ৪র্থ শিল্প বিপ্লব/স্মার্ট এগ্রিকালচার সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও), কেবিনেট বিভাগ, কৃষি মন্ত্রণালয়, অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই), আইসিটি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) | ৪র্থ শিল্প বিপ্লব ও স্মার্ট এগ্রিকালচারের সাথে সম্পর্কযুক্ত ইমার্জিং টেকনোলজিসমূহের উদ্ভাবনী প্রয়োগপূর্বক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের জন্য ব্রি পিএমও, কেবিনেট বিভাগ, কৃষি মন্ত্রণালয়, এটুআই, আইসিটি বিভাগ, বিসিসি-সহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২২. | ডি-নথি ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন | প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও), কেবিনেট বিভাগ, কৃষি মন্ত্রণালয়, অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই), আইসিটি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) | ডি-নথি ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজনের জন্য পিএমও, কেবিনেট বিভাগ, কৃষি মন্ত্রণালয়, এটুআই, আইসিটি বিভাগ, বিসিসি-সহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২৩. | দক্ষতা উন্নয়নে সেমিনার / কর্মশালা আয়োজন | প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও), কেবিনেট বিভাগ, কৃষি মন্ত্রণালয়, অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই), আইসিটি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) | দক্ষতা উন্নয়নে বিভিন্ন সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য পিএমও, কেবিনেট বিভাগ, কৃষি মন্ত্রণালয়, এটুআই, আইসিটি বিভাগ, বিসিসি-সহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২৪. | মাঠপর্যায়ে উদ্ভাবিত সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বিএমডিএ | সেচ প্রযুক্তির উপযোগিতা যাচাইকরণে সহযোগিতার জন্য বিএমডিএ ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২৫. | সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সুপারিশ বাস্তবায়নে সহযোগিতার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২৬. | ব্রিডার বীজ উৎপাদন | বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠান | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের ব্রিডার ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, এবং সংরক্ষণের জন্য ব্রি বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২৭. | ব্রিডার বীজ বিতরণ | বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠান | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের ব্রিডার ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, এবং সংরক্ষণের জন্য ব্রি বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |
| ২৮. | মানঘোষিত বীজ উৎপাদন | বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠান | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের ব্রিডার ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, এবং সংরক্ষণের জন্য ব্রি বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।



ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

| ক্র. নং | কার্যক্রম/ফলাফল নির্দেশক | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ২৯. | মানঘোষিত বীজ বিতরণ | বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠান | অনুকূল ও প্রতিকূল পরিবেশ উপযোগী ধানের ব্রিডার ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, এবং সংরক্ষণের জন্য ব্রি বীজ প্রত্যয়ন এজেন্সি, বিএডিসিসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে চিঠি, সভা, ই-মেইল এবং ডি-নথির মাধ্যমে যোগাযোগ। |

মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।

ড. মোঃ ইসমাইল হোসেন
চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১